# কাল লন্ডনের উদ্দেশে রওনা হতে পারেন বেগম খালেদা জিয়া



সংগৃহীত ছবি

রাজধানীর এভারকেয়ার হাসপাতালের সিসিইউতে চিকিৎসাধীন বিএনপি চেয়ারপারসন বেগম খালেদা জিয়াকে উন্নত চিকিৎসার জন্য লন্ডনে নেওয়ার বিষয়ে নানা প্রস্তুতি চলছে। বিষয়টি বৃহস্পতিবার (৪ ডিসেম্বর) সকালে দলীয় একাধিক দায়িত্বশীল সূত্র নিশ্চিত করেছে।

সূত্র জানায়, প্রয়োজনীয় অনুমতি ও চিকিৎসাসংশ্লিষ্ট ব্যবস্থা সম্পন্ন হলে কাতার থেকে পাঠানো বিশেষ এয়ার অ্যাম্বুলেন্সে আগামীকাল (৫ ডিসেম্বর) খালেদা জিয়াকে লন্ডনে নেওয়ার প্রক্রিয়া শুরু হতে পারে। এ যাত্রায় বিশেষজ্ঞ চিকিৎসকসহ মোট ১৪ সদস্যের একটি দল সাথে থাকার পরিকল্পনা করা হয়েছে।

LENS ASIA